দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 SEP 2017 ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৭... ......

# ভর্তি পরীক্ষায় প্রক্সি ঢাবি ছাত্র আটক

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষায় অন্যের হয়ে পরীক্ষা (প্রক্সি) দিতে গিয়ে বিশ্ববিদ্যালয়েরই একজন ছাত্রকে আটক করা হয়েছে। এছাড়া জালিয়াতের অভিযোগে আরো চারজনকে আটক করা হয়েছে।

আটককৃত ঢাবি ছাত্র রেজা মাহমুদ বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অনার্স চতুর্থ বর্ষের ছাত্র। সে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদ কেন্দ্রে তানসেন মিয়া নামে একজনের হয়ে প্রক্সি দিচ্ছিলেন। তাকে আটক করে তার দেওয়া তথ্যের ভিত্তিতে তানসেন মিয়াকেও আটক করা হয়। ঢাকা কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাস করা তানসেন মিয়ার গ্রামের বাড়ি নরসিংদীর শিবপুরে। সে রেজা মাহমুদের সঙ্গে ঢাবিতে প্রক্সি পরীক্ষা দেওয়ার জন্য সাড়ে তিন লাখ টাকা চুক্তিবদ্ধ হয়েছিলো। প্রক্টর অফিসের মাধ্যমে তাদেরকে শাহবাগ থানা পুলিশে হস্তান্তর করা হয়।

এদিকে, বৃহস্পতিবার রাতে জালিয়াতি চক্র সন্দেহে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা থেকে তিনজনকে আটক করা হয়। শাহবাগ থানা পুলিশ তাদেরকে জিজ্ঞাসাবাদের জন্য রাখে। তাদের নাম পরিচয় কিছু জানা যায়নি।

এসব বিষয়ে প্রক্টর অধ্যাপক এ এম আমজাদ বলেন, ভর্তি পরীক্ষায় প্রক্সি দেওয়ার দায়ে দুইজনকে শাহবাগ থানায় সোপর্দ করা হয়েছে। এছাড়া পুলিশ তিনজনকে জালিয়াতচক্র সন্দেহতে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল হোসেন ইত্তেফাককে বলেন, প্রক্সির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ লিখিত অভিযোগ দিবেন। এটা মামলা হবে। এছাড়া আমরা প্রশ্নফাঁসের সঙ্গে জড়িত এমন তিনজনকে [illegible] আরো কয়েকজনকে ধরার চেষ্টা হচ্ছে। তাদের [illegible] ত ব্যবস্থা নেওয়া হবে।